

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৯৪

- ৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)
- পরিচ্ছেদঃ সূরা ফাতিহা পাঠ করার সময় বিসমিল্লাহ জোরে পড়া মুস্তাহাব হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْإِمَامِ أَنْ يَجْهَرَ بِبِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ عِنْدَ ابْتِدَاءِ قِرَاءَةِ فَاتِحَةِ الكتاب

## আরবী

1794 \_ أَخُبُرنَا مُحَمَّدُ بِنُ الْحَسَنِ بِنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بِنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي حَالِدُ بِنْ يَزِيدَ عَنْ سعيد بن أبي هلال عَنْ نُعَيْمٍ الْمُجْمِرِ قَالَ: صَلَيْتُ وَرَاءَ أَبِي هُرَيْرَةَ فَقَالَ: بِسِمْ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ثُمَّ قَرَأً بِأُمِّ الْكَتَابِ حَتَّى إِذَا بَلَغَ {غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِينَ} [الفاتحة: 7] قَالَ: آمِينَ الْكَتَابِ حَتَّى إِذَا بَلَغَ {غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الصَّالِينَ} [الفاتحة: 7] قَالَ: آمِينَ وَقَالَ النَّاسُ : آمِينَ فَلَمَّا رَكَعَ قَالَ: اللَّهُ أَكْبَرُ فَلَمَّا سَجَدَ قَالَ: اللَّهُ لِمَنْ حَمِدَهُ ثُمَّا اللَّهُ أَكْبَرُ فَلَمَّا سَجَدَ قَالَ: اللَّهُ أَكْبَرُ فَلَمَّا رَفَعَ قَالَ: اللَّهُ أَكْبَرُ فَلَمَّا سَجَدَ قَالَ: اللَّهُ أَكْبَرُ فَلَمَّا سَعَمَ اللَّهُ أَكْبَرُ فَلَمَّا سَلَمَ وَلَا اللَّهُ أَكْبَرُ ثُمَّ اسْتَقْبُلَ قَامًا مَعَ التَّكْبِيرِ فَلَمَّا قَامَ مِنَ التِّنْتَيْنِ قَالَ: اللَّهُ أَكْبَرُ فُلَمَّا سَلَّمَ اللَّهُ أَكْبَرُ فَلَمَّا سَلَمَ وَالَّذِي نَفْسِي بِيدِهِ إِنِي لَأَشْبَهُكُمْ صَلَاةً بِرَسُولِ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وسلم. قَالَ: وَالَّذِي نَفْسِي بِيدِهِ إِنِي لَأَشْبَهُكُمْ صَلَاةً بِرَسُولِ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وسلم. الدين الألباني ا المصدر : التعليقات الطسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1794 ا خلاصة حكم المحدث: ضعيف - ((التعليق على ابن خزيمة)) (499).

## বাংলা

১৭৯৪. নু'আইম আল মুজমির রহিমাহল্লাহ বলেন, আমি আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুর পিছনে সালাত আদায় করেছি, অতঃপর তিনি পড়লেন, بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ (সর্বদয়ালূ, সবিশেষ করুণাময় আল্লাহর নামে শুরু করছি।) তারপর তিনি সূরা ফাতিহা পড়েন, অতঃপর যখন তিনি أَيْهِمْ وَلَا الصَّالِينَ (তাদের পথ নয় যারা অভিশপ্ত আর যারা পথভ্রষ্ট। -সূরা ফাতিহা: ৭), তখন তিনি বলেন, آمِينَ "(আপনি কবূল করুন), আর লোকজনও বলেন, آمِينَ "(আপনি কবূল করুন), অতঃপর যখন তিনি রুকু' করেন, তখন বলেন آمَينَ (আল্লাহ



সবচেয়ে বড়), অতঃপর যখন তিনি রুকু' থেকে মাথা উত্তলন করেন, তখন বলেন, مُعَوِدُهُ (আল্লাহ প্রাবণ করেন, যে ব্যক্তি তাঁর প্রশংসা করে), তারপর 'আল্লাহু আকবার' বলেন অতঃপর সাজদায় যান, তারপর যখন সাজদা থেকে মাথা উত্তলন করেন, তখন 'আল্লাহু আকবার' বলেন। তারপর তাকবীর বলে সোজা দাঁড়িয়ে যান। যখন তিনি দ্বিতীয় রাকা'আত থেকে দাঁড়াতেন, তখন 'আল্লাহু আকবা ' বলেন। অতঃপর যখন সালাম ফেরান, তখন বলেন, "ঐ সন্তার কসম, যার হাতে আমার প্রাণ, নিশ্চয়ই আমি তোমাদের মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের সাথে সবচেয়ে বেশি সাদৃশ্যপূর্ণ সালাত আদায়কারী।"[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ২/১৩৪; সুনান বাইহাকী: ২/৫৮; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৮৪; হাকিম: ১/২৩২; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৯৯; মুসনাদ আহমাদ: ২/৪৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা'লীক আলা ইবনু খুযাইমাহ : ৪৯৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ নু'আয়ম মুজমির (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন